অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/22/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল উন্নয়নমূলক প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য পেশাজীবী প্রশিক্ষণের সুযোগ প্রদান করার জন্য অলাভজনক পরিষেবা প্রদানকারীদের জন্য 13 মিলিয়ন মার্কিন ডলার অনুদান দেওয়ার ঘোষণা করেন

অনুদানগুলো আজকের শ্রম বাজারে সাফল্যের জন্য উন্নয়নমূলক প্রতিবন্ধী ব্যক্তিদের প্রস্তুত করে নিউ ইয়র্কের জনশক্তিকে বৈচিত্র্যময় ও শক্তিশালী করবে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটে উন্নয়নমূলক প্রতিবন্ধী ব্যক্তিদের অফিস আগামী চার বছরে উন্নয়নমূলক প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ক্যারিয়ার নির্দিষ্ট বৃত্তিমূলক প্রশিক্ষণের সুযোগের জন্য স্টেটব্যাপী সাতটি অলাভজনক পরিষেবা প্রদানকারীকে 13 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অনুদান প্রদান করেছে।

"আমাদের স্টেটের প্রাণবন্ত অর্থনীতি সকল নিউ ইয়র্কবাসীদের কঠোর পরিশ্রম ও দক্ষতার উপর নির্ভর করে," **গভর্নর হোকল বলেন।** "উন্নয়নমূলক প্রতিবন্ধী ব্যক্তিদের জনশক্তিতে অবদান রাখার ও স্বনির্ভর হওয়ার ক্ষেত্রে একই ইচ্ছা ও অধিকার রয়েছে। এই মূলধন মানুষকে কর্মসংস্থানে সাফল্যের জন্য তৈরি করবে এবং নিয়োগকর্তাদের গুরুত্বপূর্ণ শূন্যপদ পূরণে সহায়তা করবে।"

নিউ ইয়র্ক স্টেটে উন্নয়নমূলক প্রতিবন্ধী ব্যক্তিদের অফিসের কমিশনার কেরি নিফেল্ড বলেন, "এই লক্ষ্যযুক্ত প্রশিক্ষণ উদ্যোগের মাধ্যমে, আমরা নিউ ইয়র্কবাসীদের যারা উন্নয়নমূলক প্রতিবন্ধী ব্যক্তি রয়েছেন তাদের জন্য কী করা সম্ভব সে সম্পর্কে আমাদের অন্তর্দৃষ্টি এগিয়ে নিয়ে যাই। আমরা যখন আরো বেশি মানুষকে কাজ করার ক্ষমতা প্রদান করি, আমরা তখন মানুষকে সহায়তা করার এবং বিশ্বকে শক্তি ও সাফল্য দেখানোর জন্য নতুন, কার্যকর উপায়গুলো দেখাই যার ফলস্বরূপ নিয়োগকর্তাগণ সম্পূর্ণরূপে বৈচিত্র্য ও অন্তর্ভুক্তিকে উপলদ্ধি করে।"

উন্নয়নমূলক প্রতিবন্ধী ব্যক্তিদের ঐতিহ্যগতভাবে সাধারণ কর্মক্ষেত্রে কম-উপস্থাপিত করা হয়েছে। এই ক্যারিয়ার প্রশিক্ষণ কর্মসূচিগুলো উন্নয়নমূলক প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য কর্মসংস্থান সুরক্ষিত করতে এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বেকারত্বের ব্যবধান বন্ধ করতে প্রয়োজনীয় দক্ষতা ও অভিজ্ঞতা অর্জন করতে সহায়তা করবে।

2022 সালে গভর্নর হোকল উন্নয়নমূলক প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বৃত্তিমূলক প্রশিক্ষণের সুযোগ বৃদ্ধির প্রয়োজনীয়তা স্বীকার করেছেন এবং ক্যারিয়ার-নির্দিষ্ট বৃত্তিমূলক প্রশিক্ষণ উন্নয়ন ও প্রদানের জন্য OPWDD-কে মূলধন প্রদান করেছেন যা মানুষকে কর্মক্ষেত্রে প্রবেশ করতে এবং পরিপূর্ণ ক্যারিয়ার উপভোগ করতে প্রস্তুত করবে।

এই পদক্ষেপটি গভর্নরের নির্বাহী আদেশ 31 "প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য একটি মডেল নিয়োগকর্তা হওয়ার জন্য নিউ ইয়র্ক স্টেটকে প্রতিশ্রুতিবদ্ধ করা" বার্ষিক ড্রিম সিম্পোজিয়ামের উদ্বোধনের সাথে সামঞ্জস্যপূর্ণ ও প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থানের ক্ষেত্রে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রতিশ্রুতিকে আরো নির্ভরশীল করে তোলে। এই বরাদ্দগুলোর মাধ্যমে বিকশিত ও বিতরণ করা প্রশিক্ষণটি OPWDD এর বিস্তৃত হোম ও কমিউনিটি-ভিত্তিক পরিষেবার ছাড়ের মাধ্যমে অর্থায়ন করা কমিউনিটির বৃত্তিমূলক অভিজ্ঞতার সাথে সংযুক্ত হবে। প্রশিক্ষণটি মানুষকে বিপণনযোগ্য দক্ষতা উন্নয়নে সাহায্য করবে যা বর্তমান সময়ের মালিকগণের চাহিদা পূরণ করতে পারে এবং কর্মসংস্থানের সাফল্যের দিকে নিয়ে যাবে। উন্নয়নমূলক প্রতিবন্ধী ব্যক্তিরা আরো শক্তিশালী, আরো বৈচিত্রময় ও অন্তর্ভুক্তিমূলক কমিউনিটি নিশ্চিত করে কর্মক্ষেত্রে তাদের ব্যক্তিগত অবদান নিয়ে আসতে সক্ষম হবে।

নিম্নলিখিত পরিষেবা প্রদানকারীদের অনুদান প্রদান করা হয়েছে:

- প্রবেশযোগ্যতা: লিভিং ইনকর্পোরেটেডের জন্য সহায়তা (Access: Supports for Living Inc.)
- AccessCNY, ইনকর্পোরেটেড (AccessCNY, Inc.)
- Every1 ইনকর্পোরেটেডের জন্য কমিউনিটি পরিষেব (Community Services for Every1, Inc.)
- ফ্যামিলি রেসিডেন্সস অ্যান্ড এসেনশিয়াল এন্টারপ্রাইজ, ইনকর্পোরেটেড (Family Residences and Essential Enterprises, Inc.)
- জাওনিও, ইনকর্পোরেটেড (Jawonio, Inc.)
- AHRC NYC
- আপস্টেট কেয়ারিং পার্টনার (Upstate Caring Partners)

অ্যাক্সেস: সাপোর্টস ফর লিভিং ইনকর্পোরেটেডের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা রন কোলাভিটোর বলেন, "অ্যাক্সেস: সাপোর্টস ফর লিভিং ইনকর্পোরেটেড এই বিশ্বাসের উপর প্রতিষ্ঠিত হয়েছিল যে প্রতিবন্ধী ব্যক্তিদের অর্থপূর্ণ প্রতিযোগিতামূলক কর্মসংস্থানে অংশ নেওয়ার ক্ষমতা ও স্বাগত কর্মক্ষেত্রসমূহের অংশ হওয়ার ইচ্ছা রয়েছে। আমরা বারবার দেখছি যে প্রতিনিধিত্ব গুরুত্বপূর্ণ এবং এটি ব্যক্তি, তাদের কর্মক্ষেত্র ও তাদের কমিউনিটির উপর বিশাল ইতিবাচক প্রভাব ফেলে। আমরা গভর্নর হোকল ও কমিশনার নেইফেল্ডকে আরো অন্তর্ভুক্তিমূলক, বৈচিত্রময় কমিউনিটি তৈরির জন্য তাদের উপলদ্ধি ও পদক্ষেপের জন্য প্রশংসা করি।"

নির্বাহী পরিচালক পল জোসলিন বলেন, "AccessCNY সেন্ট্রাল নিউ ইয়র্কে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আমাদের কর্মসংস্থান পরিষেবাগুলো সম্প্রসারিত করার সুযোগের জন্য কৃতজ্ঞ। আপস্টেট কেয়ারিং পার্টনারস ও আরো তিনটি সরবারাহকারীর সাথে অংশিদ্বারিত্বে, AccessCNY প্রতিবন্ধী ব্যক্তিদের খাদ্য বা জ্যানিটোরিয়াল পরিষেবাসমূহে কর্মসংস্থানের ক্ষেত্রে প্রশিক্ষণ প্রদান করবে। আমরা আগামী সপ্তাহগুলোতে এই ক্লাসগুলো শুরু করতে এবং উচ্চ মানের চাকরি খুঁজে পেতে প্রোগ্রামের গ্রাজুয়েটদের সাথে কাজ করতে পেরে আনন্দিত। কর্মসূচিটি সেন্ট্রাল নিউ ইয়র্কের ক্রমবর্ধমান চাহিদা পূরণ করতে যেখানে সকল মানুষ সম্পৃক্ত রয়েছে এমন একটি কমিউনিটি তৈরি করতে AccessCNY এর উদ্বাবনের মিশন অব্যাহত রেখেছে।"

কমিউনিটি সার্ভিসেস ফর Every1, ইনকর্পোরেটেডের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মিন্ডি সার্ভোনি বলেন, "কমিউনিটি সার্ভিসেস ফর Every1 উন্নয়নমূলক প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য কর্মসংস্থানের ফলাফল বৃদ্ধি করতে এই উদ্বাবনী উদ্যেগে অংশ নিতে পেরে সম্মানিত বোধ করছে। আমাদের অঞ্চলে অতিথেয়তা কর্মসংস্থানের চাহিদা ও দৃষ্টিভঙ্গি শক্তিশালী রয়েছে। এই প্রশিক্ষণ উদ্যমী কর্মচারী ও স্থানীয় নিয়োগকর্তাদের তাদের কর্মশক্তিকে শক্তিশালী করার জন্য সমানভাবে উপকৃত করবে।"

ফ্যামিলি রেসিডেন্সস অ্যান্ড এসেনশিয়াল এন্টারপ্রাইজ, ইনকর্পোরেটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা ক্রিস লং বলেন, "উদ্বাবনী বৃত্তিমূলক প্রশিক্ষণ তৈরি করতে OPWDD এর সাথে অংশীদারি করতে আমরা এর চেয়ে বেশি আনন্দিত হতে পারি না যাদেরকে আমরা সমর্থন করি এমন টেকসই কর্মসংস্থানের সুযোগ তৈরি করতে সহায়তা করবে। সহায়তার জন্য আমরা অত্যন্ত কৃতজ্ঞ।"

জাওনিও ইনকর্পোরেটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা রান্ডি রিওস-কাস্ত্রো বলেন, "খুচরা প্রশিক্ষণ পরিষেবা প্রদানের জন্য OPWDD প্রদত্ত মূলধন পেয়ে জাওনিও সত্যিই সম্মানিত। উন্নয়নমূলক প্রতিবন্ধী ব্যক্তিরা এখানে লোয়ার হাডসন ভ্যালি অঞ্চলে এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে আমাদের কমিউনিটির একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ এবং এরপরেও তারা অনেক দীর্ঘ সময় ধরে কর্মক্ষেত্রে অবমূল্যায়িত। অন্তর্ভুক্তির প্রতি গভর্নর হোকলের অবিচল অঙ্গীকারের সাথে, জাওনিও এখন ব্যক্তিদের বিপণনযোগ্য দক্ষতা অর্জন করতে সক্ষম করতে পারে যা সাফল্য ও কর্মসংস্থানের পরিপূর্ণতার পথসমূহ তৈরি করে।"

AHRC NYC এর প্রধান নির্বাহী কর্মকর্তা মার্কো দামানি বলেন, "ড্রেসেল ইউনিভার্সিটির গবেষকরা সম্প্রতি ভবিষ্যদ্বাণী করছেন যে কর্মক্ষম বয়সের প্রতিবন্ধী প্রাপ্তবয়স্কদের মধ্যে মাত্র 1.1 শতাংশ যাদের সম্ভাব্য কর্মসংস্থান পরিষেবাগুলোর প্রয়োজন তারা প্রকৃতপক্ষে সেগুলো গ্রহণ করছেন - আনুমানিক 1.98 মিলিয়ন প্রতিবন্ধী ব্যক্তিরা কল্যাণ অর্জনের সাথে জড়িত কর্মসংস্থানের পরিষেবাগুলো ছাড়াই রয়েছেন। যদিও এই সংখ্যাগুলো সকল উন্নয়নমূলক প্রতিবন্ধী জনগোষ্ঠির প্রতিনিধিত্ব করতে পারে না, তবে উন্নয়নমূলক প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য কর্মসংস্থান ও ইন্টার্নশিপের সুযোগগুলো অগ্রসর করার জন্য আরো জোরালো ও দূরদর্শী ফোকাসের প্রয়োজন রয়েছে। AHRC NYC একটি OPWDD এর বৃত্তিমূলক প্রশক্ষণের

অনুদানের প্রাপক হতে পেরে গর্বিত এবং কর্মক্ষেত্রে প্রতিবন্ধী ব্যক্তিদের সম্পূর্ণ অন্তর্ভুক্তি অর্জনে NYS সরকারের সাথে অংশিদ্বারিত্ব করতে পেরে প্রতিশ্রুতিবদ্ধ।"

সেরিব্রাল পালসি অ্যাসোসিয়েশন অফ NYS এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মাইক আলভারো বলেন, "আমরা এই গুরুত্বপূর্ণ মূলধনের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই, যা আবারও উন্নয়নমূলক প্রতিবন্ধী নিউ ইয়র্কবাসীদের প্রতি এই প্রশাসনের প্রতিশ্রুতি তুলে ধরে। কর্মসংস্থান হলো আমরা কে এবং আমরা কিভাবে আমাদের কমিউনিটির সাথে সংযোগ স্থাপন করি তার একটি মৌলিক অংশ এবং এই অনুদানগুলো কেবলমাত্র নিশ্চিত করে না যে আমরা আসলেই NY কমিউনিটির অংশ, কিন্তু তারা উন্নয়নমূলক প্রতিবন্ধী ব্যক্তিদের অংশগ্রগণ করতে এবং অতীতে অনুমোদিত সুযোগের তুলনায় অনেক বিস্তৃত ভিত্তিতে কর্মক্ষেত্রে অংশগ্রহণ করতে এবং উৎপাদনশীল সদস্য হতে সক্ষম করে।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন